

অস্ট্রেলিয়ান রেড ক্রস ফ্যামিলি অ্যান্ড ডমেস্টিক ভায়োলেন্স ফিন্যানশিয়াল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Red Cross Family and Domestic Violence Financial Assistance Program)

অস্ট্রেলিয়ান রেড ক্রস ফ্যামিলি অ্যান্ড ডমেস্টিক ভায়োলেন্স ফিন্যানশিয়াল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Australian Red Cross' Family and Domestic Violence Financial Assistance Program -FDV) অস্থায়ী ভিসায়, বা অনিশ্চিত ভিসায় থাকা যোগ্য ব্যক্তি যারা পরিবার ও পারিবারিক সহিংসতার অভিজ্ঞতার শিকার তাঁদেরকে কেসওয়ার্ক সহায়তা এবং প্রয়োজনে আর্থিক সহায়তা সরবরাহ করবে।

নিম্নলিখিত মানদণ্ডগুলি পূরণ করলে আপনি যোগ্য হতে পারেন:

- আপনি অস্ট্রেলিয়ান নাগরিক বা স্থায়ী বাসিন্দা নন, এবং
- আপনি পরিবার এবং পারিবারিক সহিংসতার ঝুঁকিতে পড়ছেন বা ঝুঁকিতে আছেন এবং
- আপনি আর্থিক কষ্ট ভোগ করছেন

আমি কিভাবে সহায়তা পেতে পারি?

আপনি অনলাইনে সহায়তা পাবার জন্য আবেদন www.redcross.org.au/familyviolencerelief ওয়েবসাইটে করতে পারেন।

আবেদন করতে আপনার সাহায্যের প্রয়োজন হলে Red Cross-এর সাথে 1800 RED CROSS (1800 733 276) নম্বরে যোগাযোগ করুন, বানিজ্যিক সময়গুলোতে, সোমবার থেকে শুক্রবার, অথবা ইমেইল করুন NAT_FDVIPILOT@redcross.org.au।

রেড ক্রস (Red Cross)-এর সাথে আপনার যোগাযোগ গোপনীয়। আপনার আবেদনসহ আপনার সরবরাহিত তথ্য আমরা সর্বদা সুরক্ষিত রাখি।

আপনার যদি দোভাষীর প্রয়োজন হয়, তবে আপনি ট্রান্সলেটিং অ্যান্ড ইন্টারপ্রেটিং সার্ভিস (Translating and Interpreting Service)-এ 131 450 নম্বরে আপনার পছন্দের ভাষার উল্লেখ করে যোগাযোগ করতে পারেন এবং 1800 733 276 নম্বরে সংযোগ দিতে বলতে পারেন।

কিভাবে একজন ক্লায়েন্টকে রেফার করা যায়

যদি কোনও ব্যক্তি বর্তমানে কোন বিশেষজ্ঞ FDV এজেন্সি বা অন্যান্য পরিষেবা দ্বারা সহায়তা পেয়ে থাকেন তবে রেফারেল তৈরি করার দ্রুত এবং নিরাপদতম উপায় হল এজেন্সিটির ওয়েবসাইটটি পরিদর্শন করা, রেফারাল ফর্মটি পূরণ করা এবং ক্লায়েন্টকে স্ব-নিবন্ধকরণে সহায়তা করা।

অতিরিক্ত সহায়তা পাওয়া যায়

নিম্নলিখিত বিনামূল্যের পরিষেবাগুলোর মাধ্যমে অতিরিক্ত সহায়তা পাওয়া যায়

1800 737 732 1800 RESPECT – ন্যাশনাল সেক্সুয়াল অ্যাসল্ট অ্যান্ড ডমেস্টিক ভায়োলেন্স হেল্পলাইন (national sexual assault and domestic violence helpline)

13 11 14 লাইফলাইন ক্রাইসিস সাপোর্ট অ্যান্ড সুইসাইড প্রিভেনশন (Lifeline crisis support and suicide prevention)

1800 55 1800 কিডস হেল্পলাইন (Kids Helpline)

আরো তথ্যের জন্য পরিদর্শন করুন www.redcross.org.au/familyviolencerelief